

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (বিএফআইডি) এর ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ নাসির উদ্দিন আহমেদ, যুগ্মসচিব ও চিফ ইনোভেশন অফিসার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
সভার তারিখ : ৩০ আগস্ট, ২০১৬
সময় : সকাল ১১:৩০ ঘটিকা
সভার স্থান : সভাকক্ষ (কক্ষ নম্বর-৩৩১, ভবন নম্বর-৭), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়।

২। সভায় এ বিভাগের ইনোভেশন টিমের কর্মপরিকল্পনা-২০১৬ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং ভবিষ্যৎ করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রমিক	সুপারিশ/সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক প্রদত্ত সেবা সহজীকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত "উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫" এ বর্ণিত ছকে ২০১৬ সালে গৃহীত ICT Based ইনোভেশনসমূহের তথ্য সম্বলিত প্রতিবেদন ও কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অনুরোধ করতে হবে।	আওতাধীন সকল প্রতিষ্ঠান ও উপসচিব, বাজেট অধিশাখা বিএফআইডি
২.	এ বিভাগের একটি গুরুত্বপূর্ণ সেবা হিসেবে প্রস্তুতকৃত মামলার ডেটাবেজ সংক্রান্ত সফটওয়্যারটিতে আওতাধীন ব্যাংকসমূহকে access দিয়ে এটিকে আপডেট করতে হবে এবং ২০ সেপ্টেম্বর ২০১৬ তারিখের মধ্যে উক্ত ডেটাবেজ সফটওয়্যারটির ডেমোনেস্ট্রেশন করতে হবে।	সংশ্লিষ্ট উপকমিটি, আইসিটি সেল এবং লিটিগেশন শাখা-১ ও ২ বিএফআইডি
৩.	প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এ বিভাগে ই-ফাইলিং সংক্রান্ত প্রশিক্ষণ অক্টোবর ২০১৬ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।	আইসিটি সেল বিএফআইডি
৪.	এ বিভাগের দৃশ্যমান স্থানে একটি ইনোভেশন বক্স স্থাপন করতে হবে এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহ ইনোভেশন টিমের সভায় উপস্থাপন করতে হবে।	গ্রহণ, বিতরণ ও সেবা শাখা বিএফআইডি
৫.	সর্বসাধারণের জন্য উদ্ভাবনী ধারণা প্রদানের সুযোগ রেখে সেপ্টেম্বর ২০১৬ এর মধ্যে এ বিভাগের ওয়েবসাইটে ইনোভেশন সংক্রান্ত একটি প্রাটফর্ম তৈরি করতে হবে।	আইসিটি সেল বিএফআইডি
৬.	অক্টোবর ২০১৬ এর ১ম/২য় সপ্তাহে আওতাধীন সকল প্রতিষ্ঠানের সমন্বয়ে ইনোভেশন সংক্রান্ত একটি সভা আয়োজন করতে হবে।	বাজেট অধিশাখা বিএফআইডি
৭.	আওতাধীন প্রতিষ্ঠানসমূহ ইনোভেশন টিম গঠন করে এ বিভাগকে অবহিত করবে। টিমে সদস্যগণের নামের পরিবর্তে শুধু পদবি ব্যবহার করা যেতে পারে। তিন কার্যদিবসের মধ্যে ইনোভেশন টিম গঠন করে এ বিভাগকে অবহিত করার জন্য আওতাধীন প্রতিষ্ঠানসমূহকে পত্র দিতে হবে।	বাজেট অধিশাখা বিএফআইডি/ আওতাধীন সকল প্রতিষ্ঠান

৮.	অক্টোবর ২০১৬ এর মধ্যে বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার উদ্ভাবনী ধারণাসমূহ নিয়ে আওতাধীন দপ্তর/সংস্থার অংশগ্রহণে একটি কর্মশালা আয়োজন করা হবে।	বাজেট অধিশাখা বিএফআইডি
৯.	আগামী ১৯-২১ অক্টোবর ২০১৬ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় অনুষ্ঠেয় “ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬”-এ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের জন্য ৬টি স্টল বরাদ্দ দেয়া হয়েছে। যথাযথ প্রস্তুতিসহ “ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬”-এ অংশগ্রহণ করতে হবে।	আইসিটি সেল ও আওতাধীন সকল প্রতিষ্ঠান

৪। পরিশেষে আর কোন আলোচ্যবিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
১৮.০৯.২০১৬
(মোঃ নাসির উদ্দিন আহমেদ)
যুগ্মসচিব
ও
চিফ ইনোভেশন অফিসার
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

নম্বর ৫৩.০০.০০০০.২১১.৩১.০০৩.১৬-৬৯


তারিখ: ১৯.০৯.২০১৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, জীবন বীমা টাওয়ার, ১০, দিলকুশা, ঢাকা।
৩. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭, দিলকুশা বা/এ, ঢাকা।
৪. এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, ৮, শহিদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেঁশা প্লাজা (৭ম তলা), বড়মগবাজার, ঢাকা-১২১৭।
৫. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী/জনতা/অগ্রণী/রূপালী/বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বিএইচবিএফসি/ আইসিবি/বাকুবি/রাকাব/ আনসার-ভিডিপি/বিডিবিএল/প্রবাসী কল্যাণ/ কর্মসংস্থান ব্যাংক/সাধারণ বীমা কর্পোরেশন/জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট, ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০।
৮. পরিচালক, বাংলাদেশ ইন্সিওরেন্স একাডেমি, ৫৩, মহাখালী বা/এ, ঢাকা।
৯. জনাব মোঃ মতিয়ার রহমান, উপসচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম।
১০. জনাব মোঃ সাঈদ কুতুব, উপসচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম।
১১. জনাব মোঃ এমদাদুল হক চৌধুরী, উপসচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম।
১২. জনাব মোঃ ফিরোজ উদ্দিন খলীফা, উপসচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম।
১৩. জনাব সুমন আনোয়ার মাহমুদ, প্রোগ্রামার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে :

১. জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, যুগ্মসচিব ও চিফ ইনোভেশন অফিসার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
২. সচিবের একান্ত সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোঃ এমদাদুল হক চৌধুরী)
উপসচিব
ফোনঃ ৯৫৫৯১০৯
ই-মেইল: emdadhoq@gmail.com